

চিনেবাদামের খোসা ভাঙায় দিত মন
 বা লাল, নীল, সাদা, হলুদ ঘুড়ির সুতো হাতে ছুটে বেড়াত
 আমি তখন তোমার অপেক্ষায়
 কখন বলবে, দলবেঁধে উড়ে যাওয়া টিয়ার সংখ্যা গুনতে
 মান্নাদের গানের পরের লাইনটা মনে আসছে না
 পাশের বাসার রিয়া আপুর খবর কী ?
 বলতে ভীষণ অকপটে গৃহশিক্ষকের বয়সোপযোগী কথা
 কতটা অর্থহীন, শিশুসুলভ
 বিশ্ববিদ্যালয় পড়ুয়া মামাতো ভাইয়ের
 যত্নের চারপাতার চিঠির বক্তব্য কেমন হাস্যকর
 আগের রাতের দেখা স্বপ্নের খুঁটিনাটি ।
 সত্যি বলতে কী
 তখন আর তোমাকে রহস্যময়ী মনে হোত না
 মনে হোত হাতের মুঠোয়, মনের মধ্যে থাকা স্বপ্নের অঙ্গরি ।
 জানি না কী এত ভাবতে
 তবে এতটুকু জানি, বেশ ভালো করেই জানি
 বাড়ির পাশে বকুলদের পুকুরের স্বচ্ছ পানির চেয়েও
 ঝকঝকে পরিষ্কার আর লক্ষ্য কেন্দ্রিক ছিল
 আমার ভাবনা—
 নির্জন চিলেকোঠাবিহীন ছাদে একটা ঘর তোলা
 খালি, জৌলুসহীন টবে ফুল চাষ
 ছাদে মজবুত রেলিং এবং যক্ষের ধন
 বুক দিয়ে আগলে রাখা
 নিখুঁত, নির্ভুল
 ছক বাঁধা পরিকল্পনা
 দ্বি-বার্ষিক বা পঞ্চবার্ষিক নয়
 সমগ্র জীবনময়
 স্বপ্ন পূরণের
 নিত্য হাহাকার থেকে
 মুক্ত হবার ।

মার্চ ১৪, ২০০৮ শুক্রবার সকাল ৯ : ৩০ (৫০ মিঃ)